রেডিও মেঘনা

# মেঘনা বুলেটিন

জুলাই, ২০২৩: সংখ্যা: ৬৪

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমির্উনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবণ-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।





স্থান: গরুর হাট শরীফ পাড়া, ছবি তুলেছেন অধরা ইসলাম, ছবিতে ছিলেন সুরভী জাহান, তারিখ: ১৭ জুন ২০২৩

/radiomeghna99.0 radiomeghna.net

## চরফ্যাসনের হাটে উঠতে শুরু করেছে কোরবানীর পশু

আসন্ন কোরবানীর ঈদকে সামনে রেখে ভোলার চরফ্যাসন উপজেলায় ২৭ টি পশুর হাট বসেছে। তার মধ্যে অন্যতম চরফ্যাসন সদর পশুর হাট। ইতোমধ্যে চরফ্যাসনের বিভিন্ন হাটে উঠতে শুরু করেছে কোরবানীর পশু সাড়ে ১৫ হাজার গরু, মহিষ,ছাগল-ভেড়া বিক্রির জন্য প্রস্তত রেখেছে চাষী ও খামারীরা। পশুর হাট ঘিরে নিরাপত্তাব্যবস্থা, নির্বিঘ্নে যাতায়াত, জালনোট শনাক্তকরণ মেশিনসহ ব্যাপক প্রস্তুতি নিয়েছে উপজেলা প্রশাসন, পুলিশ ও সংশ্লিষ্ট হাট কর্তৃপক্ষ।

কোরবানীর ঈদের বাকি এখনো প্রায় দুই সপ্তাহের কম সময় রয়েছে। এসময় অন্য বছর জমজমাট হয়ে উঠে কোরবানীর পশু বেচা কেনা। কিন্তু এবছর কোরবানীর পশু বেচা-কেনা অনেকাংশে কম লক্ষ্য করা যাচ্ছে। ক্রেতার সমাগম তেমন নেই বললেই চলে।

শনিবার (১৭ জুন) চরফ্যাসন পশুর হাট ঘুরে দেখা যায়, রাস্তার পাশে সারি সারি বাঁশের খুঁটি বসিয়ে গরু বাঁধার স্থান তৈরি করা হয়েছে। বিক্রেতারা তাদের পশু নিয়ে আসতে শুরু করছেন। এমনিতে ঈদের দুই-তিনদিন আগে থেকে কোরবানির পশুর হাট জমজমাট হয়। এর আগে ভিড় থাকলেও ক্রেতার সংখ্যা কম থাকে।

ক্রেতারা বলছেন, এবছর কোরবানীর পশু অনেক দাম, বিভিন্ন হাট ঘুরে সাধ্যের মধ্যে পছন্দের পশুটি ক্রয় করতে একহাট থেকে অন্য হাটে ঘুরে বেড়াচ্ছেন।দ্রব্যমূল্যে বৃদ্ধির কারণে এবছর পশু খাবারের দাম বাড়ায় বিক্রিযোগ্য পশু দাম বেশি বলে জানান ক্রেতারা। এদিকে বিক্রেতারা বলেন, গো-খাদ্যের দাম অনেক বাড়তি। ভুষিসহ বিভিন্ন খাবারের দাম বেড়েছে। এখনো তেমন বেচা কেনা বাড়েনি ভালো দামের আশায় বিভিন্ন হাটে পশু নিতে হচ্ছে। ভালো দাম না পেলে পোষাবে না বলে জানান বিক্রেতারা।

উপজেলা প্রানী সম্পদ ভেটেরিনারী হাসপাতালে মেডিক্যাল টিম এ দায়িত্ব থাকা মোঃ ইব্রাহিম জানান, প্রতিবছরের ন্যায় এবারও ৬টি মেডিক্যাল টিম কোরবানীর পশু হাটে নিয়মিত পরিচালিত হচ্ছে। হাটে আসা পশু স্টোরেয়েড দিয়ে মোটাতাজা করণ পশু, অসুস্থ পশু চিহ্নিত করাসহ প্রচন্ড গরমে হীটস্টোক ঝুকিতে থাকা পশুকে তাৎক্ষনিক চিকিৎসা দেওয়ার জন্য নিয়মিত কাজ করে যাচ্ছে। এছাড়া চরফ্যাসনে চাহিদা পুরণের জন্য পর্যাপ্ত গরু রয়েছে বলে জানান তিনি।

## কোরবানী ঈদে পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে সর্তকতা অবলম্বন করেছেন শ্রোতা ফাতেমা'র পরিবার

কোরবানী ঈদ মানেই পশু জবাই করা, মাংস কাটা, রান্না করা, ফ্রিজিং করা এবং ঘর পরিষ্কার করা। এই সব কাজ যদি অসর্তক ভাবে করা হয় তাহলে নানা রোগ বালাই হতে পারে। তাই পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে সর্তকতা মূলক নানা অনুষ্ঠান প্রচার করা হয়। যা শুনে অনেকেই সাবধানতার সাথে ঈদ উৎযাপন করেন। তাদেরই একজন হলেন, চেয়রম্যান বাজার এলাকার ফাতেমা (১৯)।

ফাতেমা জানান, আমি প্রতিদিনই রেডিও মেঘনার আযোজন শুনি। ভালো কোনো অনুষ্ঠান



শ্রোতা ফাতেমা বেগমের সাক্ষাৎকার নিচ্ছেন ফাতেমা জাহান, ছবি তুলেছেন লাবনী হোসেন, স্থান:জাহানপুর, তারিখ: ২৮ জুন ২৩ ২৩২০২৩

প্রচার হলে, আমি আমার মাকে সঙ্গে নিয়ে শুনি। ঈদের প্রতিটি অনুষ্ঠান শুনেছি আমি ও মা। মাংস ফ্রিজে রাখার সময় কি করা উচিত, রান্নার সময় তেল কমাতে কি করা উচিত, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং কাপড়ে রক্তের দাগ তোলার উপায় এই সব বিষয় শুনেছি আমরা। এই তথ্য গুলো আমাদের কাজের ক্ষেত্রে অনেক উপকারে লেগেছে। এদিকে ফাতেমার মা জোসনা (৩৪) বেগম বলেন, একটা বিষয় বেশি ভালো লাগে যে, আমার মেয়ে এই সব অনুষ্ঠান শুনে অনেক কিছু শিখছে। এতে আমরার মেয়ের জানা-শুনা, ধারন অনেক বাড়ছে। এগুলো পরবর্তীতে মেয়ের অনেক কাজে লাগবে। তাই রেডিও মেঘনাকে অনেক ধন্যবাদ।

## হাতের তৈরী চালের গুড়ার স্যালাইন পানে উপকৃত নুপুর এর পরিবার



নুপুরের সাক্ষাৎকার নিচ্ছেন সুরভী, ছবি তুলেছেন অধরা ইসলাম, স্থান: আলিগাঁ, তারিখ: ২৮ জুন ২০২৩

প্রচন্ড তাপদাহে অতিরিক্ত ঘামে বা ডায়েরিয়ায় অল্প সময়ে শরীর থেকে প্রচুর পরিমানে পানি ও লবণ বের হয়ে যায়। শরীরের লবণ ও পানির ঘাটতি দূর করতে হাতের তৈরী খাবার স্যালাইন অনেক গুরুত্বপূর্ণ। জন-সচেতনতায় চালের গুড়ার খাবার স্যালাইন তৈরীর নিয়ম ও উপকারীতা নিয়ে রেডিও মেঘনায় পিএসএ, নাটিকা প্রচার করা হয়। এছাড়াও ভিডিও ফেসবুক পেইজে পোস্ট করা হয়।

চালের গুড়ার স্যালাই তৈরীর পিএসএ, নাটিকা শুনে ও ভিডিও দেখেও সচেতনতার সাথে চরফ্যাসন আলিগাঁও এলাকার মোসাম্মৎ নুপুর (১৯)। নিজের হাতে চালের গুড়া দিয়ে তৈরী স্যালাইন তেরি করে তিনি ও তার পরিবারের সদস্যদের পান করিছেন।

নুপুর আরো জানান, আমি প্রায় তিন বছর ধরে রেডিও মেঘনার নিয়মিত শ্রোতা হিসেবে রেডিও অনুষ্ঠান শুনার পাশপাশি ফেসবুক পেইজেও লাইক দেওয়া আছে। আমার কাছে বিনোদনের সাথে ছোট নাটিকা এবং অনুষ্ঠান খুব ভালো লাগে। রেডিও মেঘনা ফেসবুক পেইজের পোস্ট দেখতে গিয়ে চালের গুড়ার স্যালাইন তৈরী বিষয়ে জানতে পারি। আমি আগে জানতাম প্রচুর ঘামালে বা ডায়েরিয়া হলে লবন, পানি, চিনি দিয়ে খাবার স্যালইন তৈরী করে খেতে হয় কিন্তু ভিডিওটি থেকে জানতে পারলাম তীব্র গরমে শরীরে ঘাম হলে, শারীরিক দূর্বলতায় বা ডায়েরিয়ায় আক্রান্ত হলে চালের গুড়ার তৈরী খাবার স্যালাইন খেতে হয়।

এতে শরীরে লবণ ও পানির ঘাটতি পূরুণ করার পাশপাশি দূর্বলতা দূর করতে সাহায্য করে এবং ডায়েরিয়ায় মৃত্যুর ঝুঁকি কমায়। এরপর প্রচন্ড তাপদাহে ডায়েরিয়ায় আক্রান্ত হলে আমি নিজেই স্যালাই তৈরী করি এবং আমার পরিবার সবাই পান করি। এতে বেশ উপকার পাই।

রেডিও মেঘনা এধরনের সচেতনতা মূলক অনুষ্ঠান প্রচার করার জন্য আমি রেডিও মেঘনাকে ধন্যবাদ জানাই। আশা করি ভবিষ্যতেও রেডিও মেঘনায় এধনের গুরুত্বপূর্ণ অনুষ্ঠান আরো বেশি প্রচারিত হবে।

## রেডিও মেঘনা'র শ্রোতা মতামত

- ফোন-ইন লাইভে কোরবানীর মাংস সংরক্ষনের আগে ও পরে করণীয় নিয়ে জানতে চেয়েছেন এবং তা প্রচার করা হয়েছে।
- আলিগাঁ এলাকার নুপুর শ্রোতা বলেন, সকালে খালি পেটে পানি করে উপকার পেয়েছেন। এছাড়াও হাতের তৈরী চালের গুড়ার স্যালাইন বিভাবে তৈরি করতে তা জানতে পেরেছেন।
- ফ্যাশন পাড়া এলাকার হাজেরা বেগম বলেন, একজন বয়স্ক মানুষ শরীর সুস্থ্য রাখতে কিভাবে কোরবানীর মাংস খাওয়া উচিৎ এই বিষয়ে রেডিও মেঘনায় ডাক্তারের পরামর্শ শুনেছেন এবং সেই অনুযায়ী নিয়ম মেনে মাংস খেয়ে সুস্থ্য আছে।
- ফোন-ইন লাইভে নাজমা শ্রোতা বলেন, উৎকর্ষ অনুষ্ঠানের মাধ্যমে সঞ্চয় করা বিষয়ে জানতে পেরে নিজের ছেলে মেয়ের জন্য সঞ্চয় করা শুরু করেন।

যোগাযোগ:
উম্মে নিশি, সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা। ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: nishi.meghna@coastbd.net কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।